

20728 - নেইল পলিশ লাগিয়ে নামায পড়ার বিধান

প্রশ্ন

নথে রঙ লাগিয়ে নামায পড়া কী ইসলাম অনুমোদন করে?

প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। যদি কোন ক্ষতির আশংকা না থাকে তবে নারীর সাজ-সজ্জা হিসেবে নথে পলিশ করা বৈধ এবং এ পলিশ নিয়ে নামায পড়তেও দোষের কিছু নেই। তবে হ্যাঁ, পলিশের মধ্যে যদি এমন কোন ধাতু থাকে যার ফলে পলিশের নীচে পানি না পৌঁছে তাহলে পলিশ তুলে ফেলা ছাড়া ওজু ও গোসল শুন্দ হবে না। ওজু-গোসল শুন্দ না হলে নামাযও শুন্দ হবে না। ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটির ফতোয়া সংকলন (৫/২১৮) তে এসেছে-

যদি পলিশ নথের ওপর প্রলেপ তৈরী করে তাহলে ওজুর আগে এই প্রলেপ তুলে ফেলা ছাড়া ওজু শুন্দ হবে না। আর যদি মেহেদির মত পলিশের কোন প্রলেপ না থাকে তাহলে ওজু শুন্দ হবে।

আল্লাহই ভাল জানেন।